



তথ্যবিবরণী

নম্বর- ১৭০

নাটোরে বিএসটিআই'র মোবাইল কোর্ট অভিযানে বিশ হাজার টাকা জরিমানা

রাজশাহী; ৮ মাঘ (২২ জানুয়ারি):

আজ (২২ জানুয়ারি) নাটোর জেলার বিভিন্ন এলাকায় জেলা প্রশাসন ও রাজশাহী'র বিভাগীয় বিএসটিআই'র উদ্যোগে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। উক্ত মোবাইল কোর্টে ব্রেড ও কেক এর অনুকূলে বিএসটিআইয়ের সিএম লাইসেন্স রয়েছে বলে মিথ্যা তথ্য প্রদান করার অপরাধে বিএসটিআই আইন-২০১৮ এর সংশ্লিষ্ট ধারায়-নাটোরের দীঘাপতিয়া গোবিন্দপুরের দিশা বেকারি (মালিক-মো. শহিদুল ইসলাম) কে দশ হাজার টাকা, দীঘাপতিয়া গোয়ালদিঘীর ফের্ডস বেকারি (মালিক-মো. বিপুল প্রাং) কে দশ হাজার টাকাসহ মোট ২ টি মামলা দায়ের করে বিশ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মোবাইল কোর্টটি পরিচালনা করেন নাটোর জেলা প্রশাসকের কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. রেজওয়ানুল হক। প্রসিকিউটিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন রাজশাহী বিএসটিআই বিভাগীয় অফিসের ফিল্ড অফিসার (সিএম) মো. দেলোয়ার হোসেন।

জনস্বার্থে বিএসটিআই'র এরকম অভিযান অব্যাহত থাকবে বলে বিএসটিআই সূত্রে জানা যায়।

.....  
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৭:০০ ঘ.